



স্মারক নং-০৫.১২৬৩.০২৩.০০.০০.০০২.২৩-২৭২

তারিখ: ২৬/০৬/২০২৩খ্রি.

বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১৫ আগস্ট জাতীয় শোক দিবস-২০২৩ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও দর্শনকে উপজীব্য করে “আমার চোখে বঙ্গবন্ধু” বিষয়ে এক মিনিট ব্যাপী ভিডিও চিত্র তৈরি করার জাতীয় প্রতিযোগিতা আয়োজন করা হয়েছে। উপজেলার সকল স্কুল-কলেজ ও তদুর্ধ্ব পর্যায়ের ছাত্র-ছাত্রীদের প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

প্রতিযোগিতার নিয়মাবলী

- ভিডিওটি প্রস্তুত করে মেইল/পেন ড্রাইভ/ড্রাইভ লিংকের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসারের নিকট আগামী ১৬ জুলাই, ২০২৩ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। তবে এ ক্ষেত্রে ড্রাইভ লিংকের এক্সেস পাবলিক ভিউ থাকতে হবে;
- ভিডিও ধারণের ক্ষেত্রে যে কোন মোবাইল ফোন বা ক্যামেরা নির্বাচন করা যেতে পারে;
- মোবাইলে ভিডিওটি ধারণের ক্ষেত্রে আড়াআড়িভাবে (১৬:৯ অনুপাত) করতে হবে;
- ভিডিও ধারণের সময় স্থির ভিডিও পেতে ট্রাইপড বা স্ট্যান্ড ব্যবহার করা সব থেকে সুবিধাজনক হবে;
- ভিডিও ধারণের সময় অপ্রয়োজনীয় শব্দ (নয়েজ) বাদ দিতে হবে;
- ভিডিওতে বক্তব্য স্পষ্ট হতে হবে;
- কপিরাইট রয়েছে এমন ভিডিও বা অডিও ব্যবহার থেকে বিরত থাকতে হবে;
- ভিডিওটির ব্যাপ্তি সর্বোচ্চ ০১(এক) মিনিট হতে হবে;
- ভিডিও সম্পাদনার সময় লক্ষ্য রাখতে হবে যেন দর্শকের দৃষ্টিকোণ থেকে যথাযথভাবে ভিডিওটি উপস্থাপিত হয়;
- ভিডিও'র মধ্যে প্রতিযোগীর নাম, শ্রেণি, শিক্ষা প্রতিষ্ঠানের নাম, উপজেলার নাম এবং মোবাইল নম্বর দিতে হবে; এবং
- ভিডিও নির্মাণ সংক্রান্ত যে কোন পরামর্শ বা সহযোগিতা পেতে সহকারী প্রোগ্রামার, উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কসবা, ব্রাহ্মণবাড়িয়া এর সাথে যোগাযোগ করা যেতে পারে। যোগাযোগ নম্বর: ০১৬৭০-৫১৬২৯৪, ই-মেইল: shamimalam.doict@gmail.com

অনুরোধক্রমে

মোহাম্মদ আমিমুল এহসান খান

উপজেলা নির্বাহী অফিসার

কসবা, ব্রাহ্মণবাড়িয়া

ফোন-০২৩৩৪৪৩২৩০৯

ই-মেইলঃ unokasba@mopa.gov.bd

